



ALL INDIA RADIO

REGIONAL NEWS UNIT – SILCHAR

MORNING NEWS BULLETIN

BENGALI

1 July 2025

7:35 AM IST

=====

১৮৮২ সালে গঠন হওয়া শিলচর পৌরসভায় গতকাল শিলচর পৌর নিগমের নতুন নামফলক আনুষ্ঠানিকভাবে লাগানো হয়েছে। গতবছরের নভেম্বর মাসে নিগমে উন্নীত হওয়ার বিজ্ঞপ্তি জারীর পরবর্তীতে ‘শিলচর পৌরনিগম’ এই নামফলকটি আক্ষরিক অর্থে শিলচর শহরবাসীর জন্য নতুন দিগন্তের সূচনা করলো। উল্লেখ্য- ২০২২ সালের নভেম্বর মাসে আসাম সরকার শিলচর পৌরসভাকে পৌর নিগমে উন্নিত করা কথা ঘোষণা করেছিল। এরফলে শিলচর পৌরসভার ২৮টি ওয়ার্ডকে ৪২টি ওয়ের্ডে বৃদ্ধি করে চলতি বছরের অক্টোবর মাসের মধ্যে নির্বাচন অনুষ্ঠিত করার কথা ইতিমধ্যে ঘোষণা করা হয়েছে।

গতকাল ফলক উন্মোচন অনুষ্ঠানে রাজ্যসভার সাংসদ কণাদ পুরকায়স্ত মুখ্য অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এছাড়া শিলচর পৌরসভার শেষ সভাপতি নীহারেন্দ্র নারায়ণ ঠাকুর, রাজ্যসভার সাংসদ সুস্মিতা দেব, বিধায়ক দীপায়ন চক্রবর্তী সহ বহু বিশিষ্ট ব্যক্তি উপস্থিত ছিলেন। পরে সংবাদ মাধ্যমের সঙ্গে কথা প্রসঙ্গে সাংসদ কণাদ পুরকায়স্ত বলেন- শিলচর শহরকে এগিয়ে নিয়ে যাওয়ার ক্ষেত্রে এটি একটি সঠিক পদক্ষেপ। এই পদক্ষেপের মাধ্যমে রাজ্যের মুখ্যমন্ত্রী ডঃ হিমন্তবিশ্ব শর্মার বরাক ও ব্ৰহ্মপুত্ৰ

উভয় উপত্যকাকে উন্নয়নের পথে এগিয়ে নিয়ে যাওয়ার দৃষ্টিভঙ্গী
প্রতিফলিত হচ্ছে ।

বাইট/কণাদ

রাজ্যসভার সাংসদ সুস্মিতা দেব তাঁর বক্তব্যে শিলচর শহরের নিকাশী
ব্যবস্থার বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা করেন । শ্রীমতি দেব শিলচর
পৌরনিগমের নবনিযুক্ত আয়ুক্ত সৃষ্টি সিংকে শিলচর পৌরনিগমের
আওতাধীন সমস্ত প্রকল্পের প্রতিবেদন এবং অর্থব্যয়ের তথ্য নিগমের
সরকারী ওয়েবসাইটে যথাসময়ে আপলোড করার আহ্বান জানিয়েছেন ।
একইসঙ্গে নতুন প্রকল্পগুলির হোর্ডিং ও ব্যানার বাংলা ভাষায় করার
অনুরোধ জানান ।

উল্লেখ্য ১৮৮২ সালে ইংরেজ শাসনের সময়ে স্টেশন কমিটি নাম দিয়ে
গঠিত হওয়ার পর তা ১৯১৩ সালে জননেতা কামিনী কুমার চন্দের
পৌরহিতে ‘সিটিজেন্স কমিটি’তে রূপান্তরিত হয় । শিলচর পৌরসভার এই
দীর্ঘ যাত্রায় ৩৩জন সভাপতি শিলচর পৌরসভায় তাদের সেবা প্রদান
করেছেন । উল্লেখ্য- গুয়াহাটি এবং ডিবুগড় পৌরনিগমের পর শিলচর হচ্ছে
রাজ্যের তৃতীয় পৌরনিগম ।

কেন্দ্রীয় সামাজিক ন্যায় ও সবলীকরন মন্ত্রকের উদ্যোগে হাইলাকান্দি
জেলার বিশেষভাবে সক্ষম ছাত্র-ছাত্রীদের বৃত্তির জন্য তিন ক্যাটাগরিতে
দরখাস্ত আহ্বান করা হয়েছে । বিজ্ঞপ্তীতে বলা হয়েছে যে নবম ও দশম
শ্রেণীর ছাত্র-ছাত্রীদের জন্য প্রি-ম্যাট্রিক , একাদশ থেকে স্নাতকোত্তর পর্যন্ত
পোষ্ট ম্যাট্রিক এবং স্নাতক থেকে স্নাতকোত্তর , ডিপ্লোমা ক্ষেত্রে টপ ক্লাসের
ছাত্র বৃত্তির জন্য দরখাস্ত আহ্বান করা হয়েছে । আবেদনকারী ছাত্র-ছাত্রীদের
চলিশ শতাংশ শারিয়াক বাধাগ্রামের শৎসা পত্র এবং বার্ষিক আয় আড়াই

লক্ষ টাকার নীচে থাকতে হবে। প্রি-ম্যাট্রিক বৃত্তির জন্য আগামী ৩১শে অগাষ্টের মধ্যে এবং পোষ্ট-ম্যাট্রিক ও টপ ক্লাস ছাত্রবৃত্তির জন্য আগামী ৩১শে অক্টোবরের মধ্যে পোর্টালে আবেদন করতে হবে।

পাঞ্জাব ন্যাশনেল ব্যাঙ্ক পরিচালিত পি এন বি আর সেটি কাছাড়ের উদ্যোগে গতকাল শিলচর কার্য্যালয়ে আয়োজিত এক অনুষ্ঠানে বিভিন্ন উদ্যোক্তা বিকাশ কর্মশালায় অংশগ্রহণকারী প্রশিক্ষার্থীদের হাতে ন্যাশনেল স্কিল কোয়ালিফিকেশন ফ্রেমওয়ার্ক স্টৱের শংসা পত্র তুলে দেওয়া হয়েছে। অনুষ্ঠানে আর সেটি কাছাড়ের ডিরেক্টর জগজ্যোতি ভট্টাচার্য, প্রশিক্ষন সমন্বয়কারী শাহেদ চৌধুরী প্রমুখ উপস্থিত ছিলেন।

শ্রীভূমি জেলা প্রশাসনের সহযোগীতায় এবং আটিফিশিয়াল লিস্বস ম্যানুফেকচারিং কর্পোরেশন অব ইন্ডিয়ার উদ্যোগে আজ শ্রীভূমি জেলা গ্রাহ্ণাগার প্রেক্ষাগৃহে দিবাংগ ব্যাক্তিদের সহায়ক সামগ্রী প্রদান করা হবে। শ্রীভূমির জেলা সমাজ কল্যান আধিকারীক জানিয়েছেন যে কেন্দ্রীয় সরকারের এ ডি আই পি এবং আর ভি ওয়াই প্রকল্পের অধীনে শ্রীভূমি জেলায় শনাক্ত হওয়া দিব্যাংগ ব্যাক্তিদের এই সহায়ক সামগ্রীগুলি প্রদান করা হবে। অনুষ্ঠানে রাজ্যের পশ্চ পালন ও পশ্চ চিকিৎসা বিভাগের মন্ত্রী কৃষ্ণেন্দু পাল এবং সাংসদ কৃপানাথ মালা সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন।

আকাশবাণী গুয়াহাটী কেন্দ্র আজ ৭৮ বছর পূর্ণ করেছে। এ উপলক্ষ্যে আকাশবাণী গুয়াহাটী কেন্দ্রের সংবাদ বিভাগের পক্ষ থেকে আজ সকাল ৯টায় আকাশবাণী কার্য্যালয়ের লবীতে প্রয়াত কর্মীদের আলোক চিরি প্রদর্শন

করা হবে। এছারা প্রাক্তন কর্মীদের পরিবারের সদস্যদের সংবর্ধনা জানানো সহ বিভিন্ন অনুষ্ঠানের আয়োজন করা হয়েছে।

সরকারী প্রকল্পে যোগ্য হিতাধিকারীদের নাম আরো বেশী করে অর্তভূক্ত করে তাদের সুযোগ-সুবিধা প্রদান করতে হবে। হাইলাকান্ডি জেলার অভিভাবক মন্ত্রী কৃষ্ণেন্দু পাল গতকাল জেলা আয়ুক্তের কার্য্যালয়ের সভাকক্ষে আয়োজিত পর্যালোচনা বৈঠকে এই নির্দেশ দিয়েছেন। সভায় জানানো হয় যে অরুণোদয় প্রকল্পের তৃতীয় পর্যায়ে জলায় এখনো পর্যন্ত ৪৯ হাজার ৪০২ জন হিতাধিকারীর নাম অর্তভূক্ত করা হয়েছে। এছাড়া মুখ্যমন্ত্রী আত্ম-নির্ভর প্রকল্পে এক হাজার ৭শ ৬৪ জন, একটি কলি-দুটি পাতা প্রকল্পে ১১ হাজার ৯শ ২৮ জন এবং মুখ্যমন্ত্রী মহিলা উদ্যোগিতা অভিযান প্রকল্পে এক হাজার ৭শ ৬৪ জন হিতাধিকারী রয়েছেন বলে জানানো হয়। সভায় তিনি বিধায়ক সূজাম উদ্দিন লক্ষ্মণ, জাকির হোসেন লক্ষ্মণ, নিজাম উদ্দিন চৌধুরী সহ জেলা আয়ুক্ত নির্সাগ হিভারে গৌতম, পুলিশ সুপার অমিতাভ সিনহা প্রমুখ উপস্থিতি ছিলেন।

রাজ্যসভার সাংসদ সুস্মিতা দেব তাঁর বক্তব্যে শিলচর শহরের নিকাশী ব্যবস্থার বিষয়টি নিয়ে বিস্তারিত আলোচনা করেন। শ্রীমতি দেব শিলচর পৌরনিগমের নবনিযুক্ত আয়ুক্ত সৃষ্টি সিংকে শিলচর পৌরনিগমের আওতাধীন সমস্ত প্রকল্পের প্রতিবেদন এবং অর্থব্যয়ের তথ্য নিগমের সরকারী ওয়েবসাইটে যথাসময়ে আপলোড করার আহ্বান জানিয়েছেন। একইসঙ্গে নতুন প্রকল্পগুলির হোর্ডিং ও ব্যানার বাংলা ভাষায় করার অনুরোধ জানান।

উল্লেখ্য ১৮৮২ সালে ইংরেজ শাসনের সময়ে স্টেশন কমিটি নাম দিয়ে গঠিত হওয়ার পর তা ১৯১৩ সালে জননেতা কামিনী কুমার চন্দের পৌরহিত্যে ‘সিটিজেন্স কমিটি’তে রূপান্তরিত হয়। শিলচর পৌরসভার এই দীর্ঘ যাত্রায় ৩৩জন সভাপতি শিলচর পৌরসভায় তাদের সেবা প্রদান করেছেন। উল্লেখ্য- গুয়াহাটি এবং ডিবুগড় পৌরনিগমের পর শিলচর হচ্ছে রাজ্যের তৃতীয় পৌরনিগম।
